আমাদের খবর

UDAYANI Together We can...

UDAYANI NEWS LETTER

ত্রৈমাসিক পত্রিকা । সংখ্যা ৪১ । জুলাই ২০২৬

## Orientation session on Gender and POSH Policy

*Aishiki Ganguly*

In 2025, Udayani, in collaboration with SWAYAM, undertook a comprehensive process to develop its Gender Policy and Prevention of Sexual Harassment (POSH) Policy through a series of trainings, activities, and participatory discussions with the core team staff. Building on this foundation, a two-day orientation programme was organized at the Udayani premises on 13th and 14th May 2026, facilitated by trainers from SWAYAM. The orientation aimed to familiarize the core team with the finalized policies, strengthen their understanding of key gender and POSH concepts, and equip them with the knowledge and mechanisms required for effective implementation, thereby reinforcing Udayani's commitment to creating a safe, inclusive, and gender-sensitive workplace.

The first day focused on key gender concepts, including the distinction between sex and gender, equality and equity, gender diversity, and positive discrimination. Through interactive discussions and group activities, participants explored ways to promote gender balance, create gender-sensitive workplaces, eliminate discrimination, and ensure fairness in organizational practices. The facilitators also explained the objectives and major provisions of Udayani's Gender Policy, highlighting equal opportunities, leadership development, and the creation of a safe and inclusive work environment.

The second day was dedicated to the POSH Policy, where participants gained insights into the legal framework, complaint and investigation procedures, the roles and responsibilities of the Internal Committee, and the rights guaranteed under the POSH Act. The programme concluded with an engaging discussion that addressed participants' queries and reinforced Udayani's commitment to fostering a respectful, equitable, and harassment-free workplace for all employees and stakeholders.



## Reflecting on 30 Years of Feminist Action

*Madhurima Sen*

To mark its 30th anniversary, Swayam organized a three-day national conference, Reflecting on the Journey: Feminist Movements against Gender-Based Violence in India, from 1–3 June 2026 in Kolkata. The conference brought together activists, scholars, practitioners, and allies from across the country to

reflect on the evolution of feminist movements.

Through panel discussions, roundtable dialogues, cultural performances, and interactive sessions, participants explored the history of the movement, regional experiences, emerging forms of gender-based violence, and the importance of building stronger solidarities. Special attention was given to voices from Eastern and North-Eastern India, climate justice, digital violence, and LGBTQIA+ rights. The conference concluded with a collective manifesto, reaffirming a shared commitment to advancing gender justice through collaboration, inclusion, and sustained feminist action.



## Exposure Visit – Darjeeling Mary Ward Social Centre (DMWSC)

*Prerana Mukherjee*

A team of 17 members from Udayani Social Action Forum, including office staff, coordinators, and activists, participated in a two-day exposure visit to Darjeeling Mary Ward Social Centre (DMWSC).

DMWSC primarily works with tea garden workers, children, and youth, focusing on education, protection, skill development, and health. During the visit, detailed discussions were held on key issues such as safe migration, human trafficking, violence against women, menstrual hygiene management, collective action planning, youth and women's enterprise initiatives, youth mobilization, and the promotion of legal service clinics.

Through field visits and interactions, the team observed several effective community-based practices, including youth mobilization through peer groups, free legal counseling and support services for women, skill development programs for youth and women, and livelihood initiatives for marginalized communities. Students from deprived backgrounds receive jute-based vocational training along with market linkage support. DMWSC also promotes reusable sanitary pad production and distribution, supporting both livelihood opportunities and eco-friendly menstrual health solutions. Other notable initiatives included community sensitization of men, promotion of income-generating activities, development of community leadership to claim rights and entitlements, and collective action on issues such as child marriage, migration, and child labour through regular group meetings. Community members are also engaged in kitchen gardening with technical support from the Agriculture Department, while SHG members utilize loans for livestock rearing to improve their income. The importance of cyber awareness and training for youth was also highlighted.

DMWSC's close collaboration with government stakeholders has significantly strengthened its community interventions.

Overall, the two-day exposure visit provided valuable learning opportunities and helped the Udayani Social Action Forum team identify key gaps in its own work. The organization will strive to incorporate these learnings into its future programs and interventions.



# Connecting with nation on Environment Day

*Purba Bera*

Like every year, an environmental awareness programme was organized to celebrate World Environment Day in five blocks—Bishnupur, Kalna I, Kalna II, Jamalpur, and Pandua. Around 50–60 participants attended the programme in each block. The entire programme was conducted using the "Maramara Methodology," creating a highly motivating and participatory atmosphere.

The programme schedule included activities such as nature meditation, songs, recitation, puppet shows, and interactive discussions. Nature meditation emerged as the most effective activity in all blocks. Participants shared that it was a healing experience that helped them connect deeply with nature while providing mental and physical relaxation.

Through interactive discussions, participants learned about the history of World Environment Day and shared observations of environmental changes in their areas, highlighting alarming examples of climate



change. They also reflected on daily practices that negatively impact the environment. The programme concluded with an oath to protect the environment, and participants committed to adopting positive habits for environmental conservation.

The programme successfully achieved its objectives by creating awareness, and deepening participants' understanding of biodiversity conservation. Overall, the initiative left a lasting impact towards a sustainable future.

# পাপেট শো

অনন্ত সরেন

উদয়নী নারীর ক্ষমতায়নের পাশাপাশি সামাজিক সচেতনতা বৃদ্ধি ও পরিবেশ সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। এই লক্ষ্যকে সামনে রেখে ১৩ মে ২০২৬ তারিখে পাণ্ডুয়া উদয়নী প্রশিক্ষণ কেন্দ্রে একটি পাপেট শো বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ভেনেজুয়েলা ও জার্মানি থেকে আগত প্রশিক্ষকেরা উদয়নীর কর্মীদের পুরোনো সংবাদপত্র ও অন্যান্য পরিত্যক্ত উপকরণ ব্যবহার করে পুতুল তৈরির কৌশল এবং পাপেট শো উপস্থাপনার বিভিন্ন দিক শেখান।

পাপেট শোর মূল উদ্দেশ্য ছিল সৃজনশীল সাংস্কৃতিক মাধ্যমের সাহায্যে সমাজে সচেতনতার বার্তা পৌঁছে দেওয়া এবং পুনর্ব্যবহারের গুরুত্ব তুলে ধরা। এই প্রশিক্ষণে জামালপুর, পাণ্ডুয়া, কালনা-১ ও কালনা-২ ব্লকের তৃণমূল স্তরের কর্মীরা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীরা বর্তমানে



পৃথিবী দিবস, পরিবেশ দিবস, মৃত্তিকা দিবসসহ বিভিন্ন উপলক্ষে নাচ, গান, নাটক ও পাপেট শোর মাধ্যমে পরিবেশ, স্বাস্থ্য ও সামাজিক নানা বিষয়ে সচেতনতার বার্তা গ্রামে গ্রামে পৌঁছে দিচ্ছেন।

## উদয়নী'-র উদ্যোগে ধরিত্রী বন্দনা

*চিরঞ্জীব মুর্মু*

১৯৭০ সালে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথমবার "ওয়ার্ল্ড আর্থ ডে" বা ধরিত্রী দিবস পালিত হয়। পরবর্তীকালে জাতিসংঘের স্বীকৃতি লাভের মাধ্যমে এটি বিশ্বব্যাপী পরিবেশ সচেতনতার একটি গুরুত্বপূর্ণ দিবসে পরিণত হয়। পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, বন উজাড় রোধ, প্রাকৃতিক সম্পদ ও জীববৈচিত্র্য রক্ষায় জনসচেতনতা বৃদ্ধি এই দিবসের প্রধান উদ্দেশ্য।

এই প্রেক্ষাপটে, ২২ এপ্রিল ২০২৬ তারিখে উদয়নী হেড অফিসের কর্মীবৃন্দ এবং বিষ্ণুপুর-১, পাণ্ডুয়া, জামালপুর ও কালনা-১ ব্লকের চারটি সংগঠনের ১৩টি গ্রামের স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা, ২টি প্রাথমিক বিদ্যালয়ের সক্রিয় অংশগ্রহণে ধরিত্রী দিবস উদ্‌যাপিত হয়।

"আমাদের শক্তি, আমাদের গ্রহ" শীর্ষক প্রতিপাদ্যকে কেন্দ্র করে দিনব্যাপী চিত্রাঙ্কন, পরিবেশ দূষণের কারণ ও প্রতিকার বিষয়ে আলোচনা, পরিবেশ রক্ষায় ব্যক্তিগত দায়িত্ব নিয়ে মতবিনিময় এবং বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়। এসব কার্যক্রমের মাধ্যমে অংশগ্রহণকারীরা পরিবেশ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করেন এবং সবুজায়ন ও প্রকৃতি সংরক্ষণে অঙ্গীকারবদ্ধ হওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

দিবসটি পরিবেশ রক্ষা ও টেকসই ভবিষ্যৎ গঠনের বার্তা আরও জোরালো করে তুলেছে।




## কৌশলগত পরিকল্পনা বিষয়ক কর্মশালা

*দীপক টুডু*

উদয়নীর উদ্যোগে ৯ ও ১০ এপ্রিল ২০২৬ তারিখে কলকাতার চিত্রবানীতে দুই দিনব্যাপী একটি কৌশলগত পরিকল্পনা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার মূল উদ্দেশ্য ছিল নতুন প্রকল্পের লক্ষ্য, প্রত্যাশিত ফলাফল, সূচক এবং বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে কর্মীদের সুস্পষ্ট ধারণা প্রদান করা।

কর্মশালায় মানবাধিকার, লিঙ্গ সমতা এবং পরিবেশ বিষয়কে প্রকল্পের কাজের সঙ্গে যুক্ত করার গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়। পরিচালক SMART, SWOT পদ্ধতিগুলির মাধ্যমে লক্ষ্য নির্ধারণের বিষয়ে আলোচনা করেন। অংশগ্রহণকারীরা আগের প্রকল্পের কাজ পর্যালোচনা করে সেখান থেকে পাওয়া অভিজ্ঞতা ও শিক্ষার বিষয়গুলি তুলে ধরেন। বিশেষ করে মানুষের অংশগ্রহণ, তথ্য সংগ্রহ এবং ফিল্ড পর্যায়ের কাজকে আরও কার্যকর করার উপায় নিয়ে মতবিনিময় হয়।

এছাড়াও প্রকল্পের লক্ষ্য, সূচক, কার্যক্রম, তথ্য যাচাইয়ের উৎস এবং পরিবেশগত প্রভাব নিয়ে আলোচনা করা হয়। স্বয়ম সংগঠনের প্রতিনিধিদের উপস্থিতিতে অভিজ্ঞতা বিনিময় এবং উন্মুক্ত আলোচনার মাধ্যমে আগামী তিন মাসের কর্মপরিকল্পনা তৈরি করা হয়। কর্মশালাটি নতুন প্রকল্প বাস্তবায়নের জন্য সকলকে একটি অভিন্ন দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে সহায়তা করেছে।



## খাদ্যের অধিকার ও কাজের অধিকারের প্রশ্নে জাতীয় স্টিয়ারিং কমিটির বৈঠক

*পারোমিতা দত্ত*

গত ২৫ ও ২৬ মার্চ ২০২৬ পশ্চিমবঙ্গের বাদুতে "রাইট টু ফুড ক্যাম্পেইন"-এর জাতীয় স্টিয়ারিং কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। 'ক্ষুধা, অধিকার ও প্রতিরোধ: খাদ্য ও কাজকে মৌলিক অধিকার হিসেবে পুনঃপ্রতিষ্ঠা' শীর্ষক এই বৈঠকে উদয়নীর পক্ষ থেকে ১২ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। এছাড়াও পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা এবং বিহার, ওড়িশা, কর্ণাটক, মহারাষ্ট্র, রাজস্থান, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ ও দিল্লিসহ বিভিন্ন রাজ্যের প্রতিনিধিরা এবং একাধিক গণসংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।

দুই দিনের আলোচনায় গণবণ্টন ব্যবস্থা (পিডিএস), আইসিডিএস, মধ্যাহ্নভোজন প্রকল্প, অভিবাসী শ্রমিকদের খাদ্য অধিকার, আদিবাসী জনগোষ্ঠীর অধিকার এবং ডিজিটাল ব্যবস্থার ফলে খাদ্য নিরাপত্তার ওপর প্রভাব নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিভিন্ন রাজ্যের প্রতিনিধিরা রেশন কার্ড বাতিল, ই-কেওয়াইসি, আধারভিত্তিক যাচাইকরণ, মাতৃত্বকালীন সুবিধা বন্ধ বা হ্রাস এবং সামাজিক সুরক্ষা প্রকল্পে




বঞ্চনার অভিজ্ঞতা তুলে ধরেন।

বৈঠকে আগামী ২-৪ অক্টোবর ২০২৬ ভোপালে শিশুদের খাদ্যের অধিকার বিষয়ক জাতীয় কনভেনশন আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি পুষ্টি, জনবণ্টন ব্যবস্থা, তথ্যের অধিকার এবং সামাজিক সুরক্ষা সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির রূপরেখা নির্ধারণ করা হয়। খাদ্যের অধিকার রক্ষায় বৃহত্তর ঐক্য গড়ে তোলা এবং প্রান্তিক মানুষের কণ্ঠস্বরকে আরও শক্তিশালী করার অঙ্গীকারের মধ্য দিয়ে বৈঠকের সমাপ্তি ঘটে।

## মাসিক স্বাস্থ্য সচেতনতা দিবস পালিত

*পারোমিতা দত্ত*

২৮ মে বিশ্ব মাসিক স্বাস্থ্য সচেতনতা দিবস উপলক্ষে পূর্ব বর্ধমান জেলার কালনা-১ ব্লকের নন্দাই ব্রিজ মাঠ, জামালপুর ব্লকের আদর্শ নারী সংগঠনের অফিস এবং হুগলি জেলার পান্ডুয়া ব্লকের জগন্নাথপুর, বরাগড়ি ও সোদপাড়ায় স্বনির্ভর গোষ্ঠীর নারীদের উদ্যোগে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। এ বছরের প্রতিপাদ্য ছিল - 'Together for a Period Friendly World'। এই প্রতিপাদ্য আমাদের মনে করিয়ে দেয় যে,

মাসিক একটি স্বাভাবিক জৈবিক প্রক্রিয়া এবং প্রত্যেক নারী ও কিশোরীর মর্যাদাপূর্ণ, নিরাপদ ও বৈষম্যহীন মাসিকের অধিকার নিশ্চিত করা সমাজের দায়িত্ব।




অনুষ্ঠানগুলিতে বিপুল সংখ্যক নারী অংশগ্রহণ করেন এবং মাসিক স্বাস্থ্য, পরিচ্ছন্নতা, মানসিক সুস্থতা ও মর্যাদা সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। মাসিককে ঘিরে সমাজে প্রচলিত কুসংস্কার, লজ্জা ও নীরবতার সংস্কৃতি ভেঙে সচেতনতা গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

আলোচনায় মাসিকের সময় মানসিক স্বাস্থ্যের যত্ন নেওয়ার গুরুত্ব তুলে ধরা হয়। পাশাপাশি ব্যথা ও অস্বস্তি কমানোর কিছু সহজ ঘরোয়া উপায় সম্পর্কেও অংশগ্রহণকারীদের অবহিত করা হয়। বিষয়টিকে আরও প্রাণবন্ত করে তুলতে বিভিন্ন অংশগ্রহণমূলক খেলা, দলীয় আলোচনা ও অভিজ্ঞতা বিনিময়ের

আয়োজন করা হয়।

উপস্থিত নারীরা জানান, এ ধরনের উদ্যোগ তাদের আত্মবিশ্বাস বৃদ্ধি করে এবং মাসিক নিয়ে খোলামেলা আলোচনা করার পরিবেশ তৈরি করে। নারীস্বাস্থ্য, মর্যাদা ও সমঅধিকারের বার্তা সমাজের সর্বস্তরে পৌঁছে দেওয়ার আহ্বানের মধ্য দিয়ে কর্মসূচিগুলির সমাপ্তি হয়।

## প্রকৃতি আমার পরিচয় -জলবায়ুর সুরক্ষায়, ভবিষ্যতের অঙ্গীকার

*শ্রাবণী নাথ খান*

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ২৬ মে থেকে ৩ জুন ২০২৬ পর্যন্ত জামালপুর, পান্ডুয়া, কালনা-১, কালনা-২ এবং বিষ্ণুপুর ব্লকে ধারাবাহিক পরিবেশ সচেতনতা ক্যাম্পেইন পরিচালিত হয়। প্রতিটি ক্যাম্পেইনের পূর্বে দুই থেকে তিন দিনের প্রস্তুতিমূলক কার্যক্রম অনুষ্ঠিত হয়। বাড়ির পুরোনো কাপড়, শাড়ি ও ধুতি সংগ্রহ করে সেগুলোর ওপর পরিবেশ বিষয়ক ব্যানার, পোস্টার ও সচেতনতামূলক বার্তা তৈরি করা হয়। এই পুনর্ব্যবহার পদ্ধতির মাধ্যমে পরিবেশবান্ধব উপায়ে প্রচারসামগ্রী তৈরির একটি বাস্তব উদাহরণ তুলে ধরা সম্ভব হয়েছে।

শিশু, কিশোর ও কিশোরীদের সক্রিয় অংশগ্রহণ এই কর্মসূচিগুলোর প্রাণশক্তি হিসেবে কাজ করেছে।প্রতি অংশগ্রহণকারী দেয়ালচিত্র অঙ্কন, পোস্টার নির্মাণ, পরিবেশ বিষয়ক স্লোগান রচনা ও প্রচার, গান পরিবেশন, পথনাটক, বক্তৃতা এবং প্রকৃতির বিভিন্ন উপাদানের প্রতিরূপে সজ্জিত হয়ে সচেতনতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

ক্যাম্পেইনগুলো বাজার, হাট, রেলস্টেশন, ব্যস্ত রাস্তার মোড় এবং বিদ্যালয়ের মতো জনবহুল স্থানে পূর্বপরিকল্পিত কর্মসূচি অনুযায়ী পরিচালিত হয়। ক্যাম্পেনের সদস্যরা ছাড়াও পথচারী, স্থানীয় মানুষের প্রত্যক্ষ ও পরোক্ষ অংশগ্রহণ এবং ইতিবাচক প্রতিক্রিয়া ক্যাম্পেইনের উদ্দেশ্যকে সফল করে তুলেছে।

এই উদ্যোগ পরিবেশ সংরক্ষণ ও টেকসই জীবনযাপনের বার্তা সমাজের বৃহত্তর অংশের কাছে পৌঁছে দেওয়াই ছিল মূল উদ্দেশ্য। ভবিষ্যতেও এমন জনসম্পৃক্ত পরিবেশ সচেতনতা কর্মসূচি একটি সবুজ ও টেকসই সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।



